

# প্রাথমিকে বৃত্তির সংখ্যা ও অর্থ দুটিই বাড়ছে

নিজস্ব প্রতিবেদক ২৮ আগস্ট, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

প্রাথমিক শিক্ষা সমাপনী (পিইসি) ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষার ভিত্তিতে দেওয়া বৃত্তির সংখ্যা ও অর্থ দুটোই বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গত রবিবার সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেনের সভাপতিত্বে এক সভায় এই সিদ্ধান্ত নেওয়া হয়।

জানা যায়, বর্তমানে পিইসি পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে সারা দেশে ৩৩ হাজার ট্যালেন্টপুল ও ৪৯ হাজার ৫০০ জনকে সাধারণ কোটায় বৃত্তি দেওয়া হয়। মোট ৮২ হাজার ৫০০ শিক্ষার্থী বৃত্তি পায়। আর ইবতেদায়ি পরীক্ষার ফলের ওপর ভিত্তি করে সাত হাজার ৫০০ জনকে ট্যালেন্টপুল এবং ১৫ হাজার সাধারণসহ মোট ২২ হাজার ৫০০ জনকে বৃত্তি প্রদান করা হয়। ট্যালেন্টপুলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা মাসিক ৩০০ টাকা আর সাধারণ বৃত্তি বাবদ মাসিক ২২৫ টাকা করে দেওয়া হয়।

সূত্র জানায়, বর্তমানে দেওয়া এক লাখ পাঁচ হাজার বৃত্তিকে দেড় লাখে উন্নীত করা হতে পারে বলে সভায় আলোচনা হয়েছে। তবে পিইসির বৃত্তির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং ইবতেদায়ির জন্য মাদরাসা শিক্ষা বোর্ডকে এ ব্যাপারে যৌক্তিক প্রস্তাব পাঠাতে বলা হয়েছে। তাদের প্রস্তাবের ওপর ভিত্তি করেই বৃত্তির প্রকৃত সংখ্যা নির্ধারণ করা হবে। বৃত্তির অর্থ বাড়তেও সভার সবাই একমত হয়েছেন। তবে কত টাকা বাড়বে সে ব্যাপারে এখনো সিদ্ধান্ত হয়নি।

অ-

অ

অ+